সপ্তম দিনেও সাজেকে অবরোধ, ক্ষতির মুখে পর্যটন ব্যবসায়ীরা



ছবি: সংগৃহীত

পাঁচ দফা দাবিতে টানা সপ্তম দিনের মতো বুধবার (২৮ অক্টোবর) সাজেকে সড়ক অবরোধ কর্মসূচি চলছে। সাজেক গণঅধিকার রক্ষা কমিটি ও সাজেক কার্বারি অ্যাসোসিয়েশনের ডাকা এ কর্মসূচিতে যান চলাচল ব্যাহত হওয়ায় পর্যটন ব্যবসায়ীরা আর্থিক ক্ষতির মুখে পড়েছেন। ভোগান্তিতে পড়েছেন দুর্গম এলাকার বাসিন্দারাও।

অবরোধের কারণে খাগড়াছড়ির দীঘিনালা হয়ে সাজেকের সড়ক যোগাযোগ ব্যাহত হচ্ছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর টহল বাড়ানো হয়েছে।

গত সোমবার প্রশাসন ও আন্দোলনকারীদের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে পাঁচ দফা দাবির চারটি বিষয়ে সমঝোতা হয়। তবে সাজেক থেকে জেএসএসের সন্তু লারমা গ্রুপের সশস্ত্র সদস্যদের সরিয়ে নেওয়ার সময়সীমা নিয়ে মতবিরোধ থাকায় বৈঠকটি অমীমাংসিত থাকে। বিষয়টি নিয়ে আলোচনা চলছে।

পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির সশস্ত্র সদস্যদের সাজেক থেকে সরিয়ে নেওয়াসহ পাঁচ দফা দাবিতে গত ২২ অক্টোবর থেকে এ অবরোধ কর্মসূচি চলছে।

LENS ASIA